# সমঝোতা স্মারক
# (Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

এসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ (এজিডাব্লিউইবি)

নভেম্বর, ২০১৪ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঘ ৭৪০৫১৪৬

**যুব উন্নয়ন অধিদপ্তর এবং এসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ (এজিডাব্লিউইবি) -এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক**

**(Memorandum of Understanding)**

বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮ মতিঝিল বা /এ, ঢাকা-১০০০। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রতিষ্ঠানিক ও ৪৯৬টি উপজেলায় (১০টি মেট্রোপলিটান ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারনমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর শুরু থেকে জুন, ২০১৪ পর্যন্ত মোট ৪২,৩৭,৪৬২ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে ২০,০৩,৫২৮ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। তাদের মধ্যে ৮,১৩,৮৯৭ জন যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সুবিধা গ্রহণ করে সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

অন্যদিকে, এসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ (এজিডাব্লিউইবি) একটি অলাভজনক, অরাজনৈতিক, স্বেচ্ছাসেবী ও সেবামূলক বেসরকারী প্রতিষ্ঠান, যার ঠিকানা- বিজিআইসি টাওয়ার (৬ষ্ঠ তলা), ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০। দেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী। এ বৃহৎ জনগোষ্ঠির উন্নয়ন ছাড়া জাতীয় উন্নয়ন সম্ভব নয়। বর্তমানে এদেশের বেশির ভাগ নারী বিভিন্ন অনানুষ্ঠানিক সেক্টরে কাজ করছে। ফলে সমাজে অধিকার ও সুযোগ-সুবিধার ক্ষেত্রে নারীরা অনেক পিছিয়ে আছে। এমনকি অধিকাংশ ক্ষেত্রেই সমাজ ও পরিবারে তাদের অবদানকে যথাযথভাবে মূল্যায়ন ও স্বীকৃতি দেয়া হয় না। তাই এদেশের নারীদের উৎপাদনশীল কাজে সম্পৃক্ত করে নারীর অর্থনৈতিক, প্রশাসনিক, সাংস্কৃতিক ও আইনগত অধিকার নিশ্চিত করার পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে নারীদের ক্ষমতায়নের লক্ষ্যে এসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ (এজিডাব্লিউইবি) কাজ করছে। গ্রাম ও শহরের নারীদের দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সার্থক উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা এজিডাব্লিউইবি-এর মূল লক্ষ্য। এ লক্ষ্যে তৃণমূল নারী উদ্যোক্তাদের পেশাগত দক্ষতা উন্নয়ন, উন্নত প্রযুক্তি ব্যবহারে সহায়তা, ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি, উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, নতুন নতুন ব্যবসায়িক উদ্ভাবনার জন্য গবেষণা এবং ব্যবসায়িক পরামর্শ প্রদান করা হয়।

যেহেতু যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচির সাথে এসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ (এজিডাব্লিউইবি) কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচির সামঞ্জস্য রয়েছে এবং এজিডাব্লিউইবি যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে পার্টনারশীপ ভিত্তিতে তৃণমূল নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় আগ্রহী, সেহেতু যুবমহিলা সমাজের বৃহত্তর কল্যাণের স্বার্থে যুব উন্নয়ন অধিদপ্তর এবং এসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরে সম্মত হয়।

**সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলী ঃ**

ক. দেশে দক্ষ নারী উদ্যোক্তা তৈরীতে সহায়তা করা।
খ. নারী উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনা ও পণ্য বাজারজাতকরণে সহায়তা করা।
গ. নতুন নতুন ব্যবসায়িক উদ্ভাবনাকে উৎসাহিত করা।
ঘ) বেকার যুব নারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঘ ৭৪০৫১৪৮

**যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয় ঃ**

১. যুব উন্নয়ন অধিদপ্তর জেলা ও উপজেলা পর্যায়ে যুব নারী উদ্যোক্তা বাছাইকরণে এজিডাব্লিউইবি প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।

২. প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।

৩. এজিডাব্লিউইবি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের দক্ষ প্রশিক্ষকদের সহায়তা চাইলে যুব উন্নয়ন অধিদপ্তর সংশ্লিষ্ট ট্রেডের প্রশিক্ষক প্রেরণ করে এজিডাব্লিউইবিকে সহায়তা করবে। তবে এজিডাব্লিউইবিকে এজন্য সংশ্লিষ্ট প্রশিক্ষককে উপযুক্ত সম্মানী প্রদান করতে হবে।

৪. উদ্যোক্তা উন্নয়নে পরামর্শ প্রদান করবে।

**এসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ এর করণীয় ঃ**

১. এজিডাব্লিউইবি প্রশিক্ষণ কোর্স পরিচালনা বিষয়ক তথ্য নিয়মিত যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/ উপজেলা কার্যালয়ে সরবরাহ করবে।

২. প্রশিক্ষণ কোর্স উদ্বোধন ও সমাপনিতে এজিডাব্লিউইবি যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/ উপজেলা কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করবে।

৩. এজিডাব্লিউইবি যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/ উপজেলা কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্সে অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ জানাবে।

৪. এজিডাব্লিউইবি ছয় মাস পর পর বেকার যুব নারীদের প্রশিক্ষণ গ্রহণ, তাদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের অগ্রগতির সমন্বিত প্রতিবেদন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক বরাবরে প্রেরণ করবে।

৫. এজিডাব্লিউইবি প্রতি বছর কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি রিপোর্ট প্রকাশ করবে।

**<u>যুব উন্নয়ন অধিদপ্তর ও এজিডাব্লিউইবি এর যৌথভাবে করণীয়</u> ঃ**

১. এ সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন মতবিরোধ বা সমস্যার উদ্ভব হলে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে তা সমাধান করবে। অথবা যে কোন প্রতিষ্ঠানের প্রধান যে সিদ্ধান্ত গ্রহণ করবে তাই চূড়ান্ত বলে গণ্য হবে।

২. এজিডাব্লিউইবি প্রতি বছর কর্মসূচি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত যুব উন্নয়ন অধিদপ্তর এবং এজিডাব্লিউইবি কর্মকর্তাদের অংশগ্রহণে কেন্দ্রীয়ভাবে একটি পর্যালোচনা সভা আয়োজন করবে। সভা আয়োজনের সকল খরচ এজিডাব্লিউইবি বহন করবে। তবে সভা অনুষ্ঠানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ভেন্যু এবং প্রয়োজনে আবাসনের ব্যবস্থা করবে।

৩. এ সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী তিন বছর কার্যকর থাকবে। তবে উভয় পক্ষের সম্মতিতে এ সমঝোতা স্মারকের মেয়াদ বৃদ্ধি করা যাবে।

**<u>যুব উন্নয়ন অধিদপ্তর ও এজিডাব্লিউইবি ফোকাল পয়েন্ট</u> ঃ**

এ সমঝোতা স্মারক সুষ্ঠুভাবে বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে পরিচালক (পরিকল্পনা) এবং এজিডাব্লিউইবি এর পক্ষে মাহফুজা বেগম, ডাইরেক্টর প্রোগ্রাম ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঘ ৭৭৪৬৬৫৯

উল্লেখিত শর্তাবলী বিবেচনাপূর্বক উভয় পক্ষই একমত হয়ে অদ্য ১৭-১১-২০১৪ তারিখে এ সমঝোতা স্মারক স্বাক্ষর করলাম।

এসোসিয়েশন অব গ্রাসরুটস ওমেন এন্টারপ্রিনিয়ার্স, বাংলাদেশ (এজিডাব্লিউইবি)- এর পক্ষে

17.11.2014

(মৌসুমি ইসলাম)
সভাপতি

যুব উন্নয়ন অধিদপ্তর বাংলাদেশ-এর পক্ষে

১৭/১১/২০১৪

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক

সাক্ষী :

১। ১৭/১১/২০১৪

সাক্ষী:

১। ১৭/১১/২০১৪